

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ)
Bariend Multipurpose Development Authority (BMDA)
 www.bmda.gov.bd

পরিচিতি

১৯৮৫ সনে এ অঞ্চলের তৎকালীন বিএডিসির প্রকৌশলীরা ভূ-গর্ভস্থ পানি দ্বারা সেচ কাজের জন্য নতুন এক ধরনের গভীর নলকূপের ডিজাইন উদ্ভাবন করেন। এর প্রেক্ষিতে এলাকার সার্বিক উন্নয়নের জন্য বরেন্দ্র অঞ্চলের ১৫টি উপজেলাকে নিয়ে বিএডিসির অধীনে বরেন্দ্র সমন্বিত এলাকা উন্নয়ন প্রকল্প (বিআইএডিপি) নামে একটি প্রকল্প অনুমোদিত হয়। এ প্রকল্পের আওতায় ছিল সেচ কাজের জন্য গভীর নলকূপ স্থাপন, হাওয়া/মতী পুকুর ও খাল পুনঃখনন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য গ্রাম অঞ্চলে সড়ক নির্মাণ ও বৃক্ষ রোপণ। প্রকল্পটির সাফল্যের কারণে ১৯৯২ সালে রাজশাহী, টাঙ্গাইলবাবগঞ্জ ও নওগাঁ জেলার সমগ্র ২৫টি উপজেলাকে অন্তর্ভুক্ত করে বিএডিসির কর্মকর্তাদের সমন্বয়ে বিএমডিএ গঠিত হয় এবং বরেন্দ্র সমন্বিত এলাকা উন্নয়ন প্রকল্প (বিআইএডিপি)-২য় পর্যায় প্রকল্প অনুমোদিত হয়। এ দুটি প্রকল্প বাস্তবায়নের ফলে কৃষি ও যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন, পরিবেশের ইতিবাচক পরিবর্তন এবং জনগণের আর্থসামাজিক অবস্থার উন্নতি সাধন হয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক স্থাপিত ঠাকুরগাঁও, দিনাজপুর ও পঞ্চগড় অঞ্চলে ১২১৭টি অকেজো গভীর নলকূপ সচল করার জন্য ২০০৩ সালে বিএমডিএ কে দায়িত্ব প্রদান করা হয়। এক বছরের মধ্যে গভীর নলকূপগুলো সচল করা হয় এবং এসব এলাকা বরেন্দ্র কর্তৃপক্ষের আওতাভুক্ত হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে রংপুর ও রাজশাহী বিভাগের সকল জেলায় কর্তৃপক্ষের কার্যক্রম বিস্তার লাভ করে।



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সেচ কাজে বিশেষিত মিটার মডেল পরিদর্শন

প্রকল্প বাস্তবায়ন

জানুয়ারি ২০০৯ হতে জুন ২০১৩ পর্যন্ত সাড়ে চার বছরে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষে বিভিন্ন অর্থবছরে বাস্তবায়িত প্রকল্প নিম্নরূপ-

অর্থ বছর	প্রকল্প সংখ্যা	অর্থের পরিমাণ (কোটি টাকা)
২০০৯-১০	৯	১২.৬৬
২০১০-১১	৯	১৫.৬২
২০১১-১২	৮	১৭.৫২
২০১২-১৩	৭	১৪.৬৮
চলতি ২০১৩-১৪ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্প	৬	১৩.১৭

এ সকল প্রকল্পের মাধ্যমে সেচ অবকাঠামো নির্মাণসহ নিম্নের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়িত হয়।

কর্মকান্ড

সেচ নালা নির্মাণ (কি.মি)	৩৫৫৬
সেচ নালা বর্ধিতকরণ (কি.মি)	৩৮০
অচালু গভীর নলকূপ সচলকরণ	২,২১৪ টি
খাস পুকুর পুনঃখনন	২০৬ টি
খাস খাল/খাড়ি পুনঃখনন	৫৭৯
পাতকুয়া (Dugwell) খনন	৭৯ টি
বৃক্ষরোপণ	১৯.০০ লক্ষ
খাবার পানি সরবরাহ স্থাপনা	৬৯৫ টি
বীজ উৎপাদন	১১৭৮.৩২ (মে: টন)
গভীর নলকূপে স্প্রিং-পেইড মিটার স্থাপন	৩,০০০ টি
পাকা সড়ক নির্মাণ (কি.মি)	৮৭
কৃষক প্রশিক্ষণ	৫,২৭১০ (জন)
গভীর নলকূপ স্থাপন	২,৩৬৮ টি
গভীর নলকূপ বিদ্যুতায়ন	৪,৩৫৪ টি

প্রযুক্তি আবিষ্কার ও হস্তান্তর

সেচ ব্যবস্থাপনার পানি ও বিদ্যুতের অপচয় রোধ, পরিমিত ব্যয়ে সেচের পানি সরবরাহ এবং সরকারি রাজস্ব আদায় সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বয়েস্প বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক স্প্রিং-পেইড মিটার পদ্ধতিতে সেচ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এলাকা সম্প্রসারণের লক্ষ্যে ডু-পরিহ পাকা সেচ নালা পরিবর্তে ডু-গর্তস্থ সেচ নালা নির্মাণ করে সেচ কার্যক্রম পরিচালনার হচ্ছে।

ফসলের চাহিদা অনুযায়ী কোন জমিতে কতটুকু পানি প্রয়োজন সে অনুযায়ী সেচ কার্যক্রম পরিচালনার জন্য AWD (Alternate Weating & Drying) পদ্ধতি উদ্ভাবন করে মাঠ পর্যায়ে প্রদর্শনী পুঁট স্থাপন করা হয়েছে। এ পদ্ধতি কৃষকদের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য মাঠ দিবস পালন ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে।



সেচ কাজে স্প্রিং-পেইড মিটারের ব্যবহার



সেচ কাজে ডু-পরিহ পানির ব্যবহার



খাল খনন কার্যক্রম

অর্জন

জানুয়ারি ২০০৯ হতে জুন ২০১৩ পর্যন্ত সাড়ে চার বছরে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের ফলে অর্জিত সাফল্য নিম্নরূপ:

(ক) ২,৩৬৮টি গভীর নলকূপ স্থাপন, বিদ্যুতায়ন ও ডু-গর্তস্থ সেচনালা নির্মাণের মাধ্যমে প্রায় অতিরিক্ত ৬০ হাজার হেক্টর জমি নিয়ন্ত্রিত সেচের আওতায় এসেছে। এর ফলে প্রতি বছর প্রায় অতিরিক্ত ৩.০০ লক্ষ মেট্রিক টন ফসল উৎপাদন করা হচ্ছে।

(খ) দীর্ঘদিনের ২,২১৪টি অচাল/অকেজো গভীর নলকূপ চালুকরণের ফলে প্রায় অতিরিক্ত ৫৫ হাজার হেক্টর জমি নিয়ন্ত্রিত সেচের আওতায় আনা হয়েছে। ফলে প্রতিবছর প্রায় ২.৭৫ লক্ষ মেট্রিক টন অতিরিক্ত ফসল উৎপাদন করা হচ্ছে।

(গ) ডু-গর্তস্থ সেচনালা নির্মাণের ফলে সেচযোগ্য জমির পরিমাণ বৃদ্ধিসহ পানির অপচয়রোধ করা সম্ভব হয়েছে এবং ৫৫,০০০ হেক্টর জমি নিয়ন্ত্রিত সেচের আওতায় এসেছে। ১২৪৮টি গভীর নলকূপে মাটি/কাঁচা নালার পরিবর্তে ৭৬১ কি.মি. ডু-গর্তস্থ সেচ নালা নির্মাণ করা হয়েছে।

(ঘ) পূর্বে স্থাপিত ১০০০টি নলকূপে ৩৮০ কি.মি. ডু-গর্তস্থ সেচনালা বৃদ্ধি করা হয়েছে। ফলে অতিরিক্ত ১২০০০ হেক্টর জমি সেচের আওতায় এসেছে।

(ঙ) ৫৭৯ কি.মি. খাল ও ২০৬টি পুকুর পুনঃখনন এবং খালে ১৯১টি ক্রসড্রাম নির্মাণ করে ডু-পরিষ্ক পানি দ্বারা সেচ কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করা হয়েছে। ফলে অতিরিক্ত প্রায় ২৫ হাজার হেক্টর জমিতে সম্পূর্ণক সেচ প্রদান করে বছরে প্রায় অতিরিক্ত ১.২৫ লক্ষ মেট্রিক টন খাদ্যাশস্য উৎপাদন করা সম্ভব হচ্ছে।



বীজ উৎপাদন কার্যক্রম



মাননীয় সলেন্দ সন্দল্য ও বিধায়কিএ-এর চেয়ারম্যান কর্তৃক সেচ খাল পরিদর্শন

(চ) প্রতি বছর ৫০০ মেট্রিক টন করে উন্নত বীজ উৎপাদন করে মাঠ পর্যায়ে কৃষকদের মাঝে সরবরাহ করা হচ্ছে। ফলে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব হয়েছে। সর্বমোট ২,৫০০ মেট্রিক টন উন্নত বীজ উৎপাদন করে কৃষকদের মাঝে সরবরাহ করা হয়েছে।

(ছ) টি গভীর নলকূপে প্রি-শেইড মিটার স্থাপন করা হয়েছে। এসব মিটার স্থাপনের ফলে কৃষকগণ ফসলের প্রয়োজন অনুযায়ী সেচ প্রদান করছে। ফলে কৃষকদের সেচ খরচ কম হচ্ছে একইসাথে পানির অপচয়ও কম হচ্ছে। স্থাপন পদ্ধতিতে কৃষকদের প্রভাবিত হওয়ার সম্ভাবনা ছিল বা প্রি-শেইড মিটার পদ্ধতিতে রহিত হয়েছে।

(জ) মাঠ পর্যায়ে AWD পদ্ধতিতে বোরো ধানে সেচ প্রদানের প্রচলন করা হয়েছে। ফলে প্রায় ২০ শতাংশ পানি কম খরচসহ বিঘাপ্রতি ২ মন ফসল বেশি হচ্ছে।

(ঝ) ৬৯৫টি খাবার পানি সরবরাহ স্থাপনা নির্মাণ করে অতিরিক্ত প্রায় ৭ লক্ষ গ্রামীণ জনসাধারণের মাঝে বিপুল খাবার পানি সরবরাহ করা হচ্ছে। এছাড়া প্রত্যন্ত গ্রামাঞ্চলে যেখানে গভীর নলকূপ কার্যকর নয় এবং জনসাধারণ পুকুর বা খালের পানি পান করত তাদের মাঝে খাবার পানি সরবরাহের জন্য পাতকুয়া খনন করা হয়েছে। মোট ৭৯টি পাতকুয়া খনন এর ফলে প্রায় ৭৫০০ জন গ্রামীণ জনসাধারণ সুপের খাবার পানি পান করছে। খাবার পানি সরবরাহ স্থাপনা নির্মাণ ও পাতকুয়া খননের ফলে বিভিন্ন পানি বাহিত রোগ থেকে গ্রামীণ জনসাধারণ গফ্রিাণ পাচ্ছে।



কৃষকদের সাথে মতবিনিময়

প্রাকৃতিক ভারসাম্যতা রক্ষার্থে ১৮.৫৮ লক্ষ বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপণ করা হয়েছে। বোরো ধানের আবাদ কমিয়ে সেচের পানি কম ব্যবহার করে অধিক লাভজনক ফসল উৎপাদনে কৃষকদেরকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ফসলের বহুমুখীকরণ (Crop Diversification) এর কার্যক্রম চলমান আছে। সেচ ব্যবস্থার আধুনিকায়ন, ফসলের উৎপাদন বৃদ্ধি, AWD পদ্ধতি ইত্যাদি বিষয়ে ৫২,৭১০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

জনবল নিয়োগ ও পদোন্নতি

দেশের বেকার জনসাধারণের বেকারত্ব দূর করার লক্ষ্যে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ৫২ জন কর্মকর্তা ও কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে। ৬২ জন কর্মকর্তা ও কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।